# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি (নন-টেকনিক্যাল পদ)

নং সংস্থা-২/অ-৫/রে-২২১০ তারিখঃ ০২/১০/২০২৪ খ্রিঃ

এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অফিস/বিভাগের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে "হিসাবরক্ষক", অডিট অফিসের ১টি স্থায়ী পদ এবং কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে "প্রধান সহকারী", রেজিষ্ট্রার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "সহকারী হিসাবরক্ষক", অডিট অফিসের ১টি স্থায়ী পদ, কম্পট্রোলার অফিসের ০২ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "ক্যাটালগার", কেন্দ্রীয় লাইব্রেরীর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় মাষ্টার্স। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "পি.এ", প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ সর্টহ্যান্ড-এ বাংলায় ৫০ এবং ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার কম্পোজ-এ বাংলায় ৩০টি ও ইংরেজীতে ৪৫টি শব্দ এর গতি সম্পন্ন এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। গোপনীয়ভাবে অফিসের কাজকর্ম করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা যাইতে পারে।

৬। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "লাইব্রেরী এসিস্টেন্ট কাম ডকুমেন্টেশন এসিস্টেন্ট", নৌযান ও নৌযন্ত্র কৌশল বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রী এবং কোন অনুমোদিত প্রতিষ্ঠান হইতে গ্রন্থাগার বিজ্ঞান/গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞানে ডিপ্লোমাধারী হইতে হইবে। কম্পিউটারে MS Word ও MS Excel-এ দক্ষতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে "উচ্চমান সহকারী কাম-কম্পিউটার অপারেটর", তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "হিসাব সহাকারী কাম-কম্পিউটার অপারেটর", যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি সমমানের (বাণিজ্য হইলে অগ্রাধিকার) পরীক্ষা পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৯। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে ট্রেসার পদের বিপরীতে "হিসাব সহাকারী কাম-কম্পিউটার অপারেটর", পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউটের ০১টি অস্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি সমমানের (বাণিজ্য হইলে অগ্রাধিকার) পরীক্ষা পাশ এবং টাইপিং-এ প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১০। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "এলডিএ কাম কম্পিউটার অপারেটর", ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ, কম্পট্রোলার অফিসের ০১টি স্থায়ী পদ, উপাচার্য অফিসের ০১টি স্থায়ী পদ এবং চিকিৎসা কেন্দ্রের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। কম্পিউটারে MS Word, MS Excel এবং Power Point-এ দক্ষতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১১। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "খাদেম", ছাত্রকল্যাণ পরিদপ্তরের অধীন কেন্দ্রীয় মসজিদের ১ (এক) টি স্থায়ী পদ ঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হইতে ফাজিল অথবা কোন কওমী মাদ্রাসা হইতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। শারীরিক সুস্থতা ও সবলতা এবং বিশুদ্ধ কোরআন তেলাওয়াতে সক্ষমতা ও মাসয়ালা-মাসায়েল সম্পর্কে জ্ঞান থাকতে হবে।

১২। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে "স্টোর সহকারী", রেজিষ্ট্রার অফিসের ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই স্টোরের কাজের অভিজ্ঞতাসহ এইচ.এস.সি সমমানের সমমানের যোগ্যতাসম্পন্ন হইতে হইবে *অথবা* এস.এস.সি পাশসহ স্টোরের কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। কম্পিউটার ব্যবহারে দক্ষ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।

১৩। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে "হেড সিকিউরিটি গার্ড", রেজিষ্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি. পাশসহ আনসার ট্রেনিং ইন্সটিটিউট হইতে ট্রেনিং প্রাপ্ত হতে হবে। প্রার্থীকে কমপক্ষে ৫ফুট ৪ ইঞ্চি উচ্চতা সম্পন্ন সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করাসহ দারোয়ান/গার্ডদের পরিচালনার সামর্থ্য থাকতে হবে। সিকিউরিটি গার্ড হিসেবে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

১৪। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "এম.এল.এস.এস.", তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ৩টি স্থায়ী পদ, মানবিক বিভাগের ০১টি স্থায়ী পদ, আই.পি.ই. বিভাগের ০১টি স্থায়ী পদ, মেডিক্যাল সেন্টারের ০১টি স্থায়ী পদ, ডিএইআরএস অফিসের ০১টি স্থায়ী পদ, বিজ্ঞান অনুষদের ০১টি স্থায়ী পদ এবং ছাত্রকল্যাণ অধিদপ্তরের অধীন শারিরীক শিক্ষা বিভাগের ০১টি স্থায়ী পদঃ প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১৫। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "গার্ড", রেজিষ্ট্রার অফিসের অধীন এস্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং-এর ০৭ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

১৬। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "পরিচ্ছন্নতাকর্মী", ছাত্রকল্যাণ পরিদপ্তরের ১টি স্থায়ী পদ, প্রধান প্রকৌশলীর কার্যালয়ের ২টি স্থায়ী পদ এবং ড. এম. এ. রশীদ হলের ০১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বি: দ্র: ক্রমিক নং ১ হইতে ১৪ নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হয়েছেন এবং ডিগ্রী অর্জন করেছেন তাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হবে না।"

অনলাইনে https://recruitment.buet.ac.bd/ সাইটের মাধ্যমে প্রতিটি পদের নাম অনুযায়ী আলাদা আলাদা আবেদন করতে হবে। চাকুরীরত প্রার্থীদের অনাপত্তিপত্র/অগ্রায়ণপত্র অনলাইন আবেদনের সময় আপলোড করতে হবে। আবেদনের সম্পূর্ণ প্রক্রিয়া ও আবেদনের ফি অনলাইনের মাধ্যমে পরিশোধের প্রক্রিয়া সাইটের "Application Guideline " মেনুতে বর্ণনা করা হয়েছে। ক্রমিক নং ১ হতে ২ নং পদের জন্য ৳ঃ ৩০০/- (তিনশত) টাকা এবং ক্রমিক

নং ৩ হতে ১২ পর্যন্ত প্রতিটি পদের জন্য ৳ঃ ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ১৩ হতে ১৬ পর্যন্ত প্রতিটি পদের জন্য ১০০/- (একশত) টাকা অনলাইনের মাধ্যমে পরিশোধ করতে হবে। আবেদনে উল্লেখিত তথ্যে/আপলোডকৃত সার্টিফিকেটে অসম্পূর্ণতা পাওয়া গেলে অথবা আবেদনের সাথে আপলোডকৃত সার্টিফিকেট/মার্কশীটের কপিসমূহে মূলকপি যাচাইকালে কোন অসঙ্গতি/অসত্য/ভুল তথ্য পাওয়া গেলে কিংবা আবেদনকারীর যোগ্যতা উল্লিখিত যোগ্যতার কম হলে যে কোন পর্যায়ে আবেদনকারীর প্রার্থীতা বাতিলযোগ্য বলে গণ্য হবে। তাছাড়া অসত্য/ভুল তথ্য প্রদানকারী প্রার্থী পরবর্তী পাঁচ বছর চাকুরীর জন্য আবেদন করলে তা বিবেচিত হবে না। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/বাতিল/পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। নির্বাচিত প্রার্থীদের পরীক্ষার স্থান, তারিখ ও সময় ই-মেইল ও এসএমএস-এর মাধ্যমে জানানো হবে। আবেদনকারী তার Admit Card ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবে।

আবেদন সংশ্লিষ্টে কোন তথ্যের প্রয়োজন হলে recruitment@regtr.buet.ac.bd এ ই-মেইল করা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েটের ওয়েবসাইট (regoffice.buet.ac.bd)-এ প্রকাশ করা হবে।

অনলাইনে আবেদনপত্র ও ফি জমাদানের শেষ তারিখ ঃ ২৩/১০/২০২৪ খ্রিঃ

02/10/24

(অধ্যাপক ড. মোঃ ফোরকান উদ্দিন)
রেজিস্ট্রার (অ.দা.)